

President of Maldives Calls on the President

August 02, 2022

মালদ্বীপের রাষ্ট্রপতির ভারতের রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ

অগাস্ট 02, 2022

মালদ্বীপ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার ইব্রাহিম মহম্মদ সোলিহ আজ রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করেছেন।

রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি সোলিহকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেছেন যে তিনি ভারতের একজন ঘনিষ্ঠ মিত্র এবং একজন মহান নেতা যার নেতৃত্বে মালদ্বীপ একটি স্থিতিশীল এবং সমৃদ্ধশালী দেশ হিসেবে উঠে এসেছে, তাকে স্বাগত জানাতে পেরে খুবই আনন্দিত।

রাষ্ট্রপতি বলেন যে, ভারত মহাসাগরীয় অঞ্চলে মালদ্বীপ হল ভারতের একটি মুখ্য ও ঘনিষ্ঠ শরিক। দুই দেশের জনগণ শতাব্দীব্যাপী মজবুত সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং বাণিজ্যিক বন্ধন উপভোগ করে আসছে। ভারতের ‘প্রতিবেশী প্রথম নীতি’-তে মালদ্বীপ একটি বিশেষ স্থান অধিকার করে আছে। তিনি এটি লক্ষ্য করে খুশি হয়েছেন যে, ভারতের প্রয়োজন ভিত্তিক অর্থনৈতিক এবং উন্নয়ন সহযোগিতা মালদ্বীপ সরকারের উন্নয়নের অগ্রাধিকারগুলিকে সহায়তা প্রদান করছে।

রাষ্ট্রপতি বলেন যে, ভারত-মালদ্বীপ উন্নয়ন সহযোগিতা, প্রতিরক্ষা এবং নিরাপত্তা উদ্যোগ, অর্থনৈতিক বন্ধন ও জনগণের সাথে জনগণের যোগাযোগ-এর দ্রুত সম্প্রসারণ, মালদ্বীপের সরকার ও জনগণের সাথে ভারতের সম্পর্কের জন্য সৌভাগ্যের লক্ষণ। তিনি কোভিড 19-এর প্রাদুর্ভাবের সময় মালদ্বীপের সরকার ও জনগণের ধৈর্য্য ও সাহসিকতার প্রশংসা করেন। অতিমাত্রার সময় ভারত-মালদ্বীপের সহযোগিতা সমগ্র অঞ্চলের জন্য একটি মডেল হিসেবে প্রশংসিত হয়েছে তা লক্ষ্য করে তিনি খুশি হয়েছেন।

রাষ্ট্রপতি উল্লেখ করেছেন যে, ক্ষমতা নির্মাণ ভারত-মালদ্বীপের অংশীদারিত্বে একটি প্রধান স্তম্ভ হিসেবে আবির্ভূত হয়েছে। তিনি আশ্বা প্রকাশ করেছেন যে, এই সফরকালে স্বাক্ষরিত মৌ-গুলি মালদ্বীপে সক্ষমতা বৃদ্ধির উদ্যোগকে আরও জোরদার করবে।

নিউ দিল্লি

অগাস্ট02,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.